
# ওয়াশিংটন-বেইজিং সমঝোতায় যুক্তরাষ্ট্রে টিকটক চালুর নিশ্চয়তা




সংগৃহীত ছবি

দীর্ঘ এক বছরের জটিলতা শেষে টিকটক যুক্তরাষ্ট্রে চালুর বিষয়ে সমঝোতায় পৌঁছেছে ওয়াশিংটন ও বেইজিং। চুক্তি অনুযায়ী, বাইটড্যান্সের মালিকানাধীন টিকটকের মার্কিন এসেট যুক্তরাষ্ট্রভিত্তিক মালিকানায় যাবে। শুক্রবার ট্রাম্প-শি ফোনালাপে এ সমঝোতা আনুষ্ঠানিক ঘোষণা পাবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

যুক্তরাষ্ট্রে টিকটকের কার্যক্রম চালু রাখতে অবশেষে সমঝোতায় পৌঁছেছে ওয়াশিংটন ও বেইজিং। মঙ্গলবার (১৬ সেপ্টেম্বর) বিষয়টি নিশ্চিত করেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

চুক্তি সম্পর্কে অবগত সূত্রগুলো জানিয়েছে, এই সমঝোতা বছরের শুরুর দিকে আলোচিত এক প্রস্তাবের সঙ্গে প্রায় অভিন্ন। মূল শর্ত অনুযায়ী, টিকটকের মার্কিন সম্পদ চীনা মালিকানাধীন প্রতিষ্ঠান বাইটড্যান্স থেকে সরাসরি যুক্তরাষ্ট্রভিত্তিক মালিকানায় হস্তান্তর করা হবে। এর মধ্য দিয়ে প্রায় এক বছর ধরে চলা রাজনৈতিক ও বাণিজ্যিক টানাপোড়েনের অবসান ঘটবে।

চীন এ সমঝোতাকে দুই দেশের জন্যই লাভজনক আখ্যা দিয়ে বলেছে, মাদ্রিদে হওয়া কাঠামোগত চুক্তি একটি আদর্শ 'উইন-উইন' পরিস্থিতি তৈরি করেছে।

এদিকে, বিনিয়োগকারীরা নজর রাখছেন আসন্ন শুক্রবারের ফোনালাপের দিকে। সেদিন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের আলোচনার মাধ্যমে চুক্তি আনুষ্ঠানিকভাবে কার্যকর হওয়ার ঘোষণা আসবে বলে আশা করা হচ্ছে।

সূত্র: রয়টার্স